



International Forum for Trial of War Criminals of Bangladesh Inc

Registration no: INC9882218
www.iftwcb.org

অস্ট্রেলিয়ান সংসদের মানবাধিকার কমিটি শুনানীঃ বাংলাদেশে যুদ্ধাপরাধ বিচারের সমর্থনে

গত ২২শে এপ্রিল, সোমবার, বিকেল ৩টায়, নিউ সাউথ ওয়েলস সংসদের ম্যাকোয়ারী রুমে, অস্ট্রেলিয়ান সংসদের মানবাধিকার কমিটি শুনানীতে IFTWCB অংশগ্রহণ করে। বাংলাদেশে যুদ্ধাপরাধের বিচারের প্রেক্ষাপটে সঙ্ঘটিত রাজনৈতিক পরিস্থিতির উপর তথ্য উপস্থাপনার জন্য IFTWCBকে এ শুনানীতে আমন্ত্রণ জানানো হয়। IFTWCB'র পক্ষ থেকে সভাপতি জিয়া আহমেদ এবং সচিব টিটো সোহেল এ শুনানীতে অংশ গ্রহণ করেন।

IFTWCB সদস্যরা বাংলাদেশে যুদ্ধাপরাধের বিচারের ইতিহাস ও আন্তর্জাতিক প্রেক্ষাপট ব্যাখ্যা করে এক ঘণ্টার এক বিবৃতি ও প্রেজেন্টেশন দেন এবং অস্ট্রেলিয়ান সংসদের পক্ষ থেকে বাংলাদেশে যুদ্ধাপরাধের বিচারের পক্ষে নৈতিক সমর্থন দাবী করেন। শুনানীর শেষ অংশে ছিলো প্রশ্নোত্তর পর্ব এবং এ পর্বে অস্ট্রেলিয়ান সংসদের মানবাধিকার কমিটির সকল সদস্যই অংশগ্রহণ করেন।

দেড়ঘণ্টা ব্যাপী আলোচনা পর্বের পর মানবাধিকার কমিটি এ মর্মে সিদ্ধান্ত নেয় যে কমিটির পক্ষ থেকে অস্ট্রেলিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানান হবে যাতে করে পররাষ্ট্র মন্ত্রী সিনেটর বব কার আমেরিকা থেকে দেশে ফেরা মাত্র অবিলম্বে অস্ট্রেলিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশে যুদ্ধাপরাধের বিচারের পক্ষে নৈতিক সমর্থন জানিয়ে বিবৃতি প্রদান করেন।

কমিটির পরবর্তী মিটিং হবে পররাষ্ট্র মন্ত্রী দেশে ফিরে এলে এবং সে মিটিংএ অংশ নেবেন পররাষ্ট্র মন্ত্রী সিনেটর বব কার, মানবাধিকার কমিটি সভাপতি লরী ফারগুশন এমপি এবং IFTWCB প্রতিনিধিরা ।

শুনানীর পুরো অধিবেশনটি সংসদ কতৃক ভিডিও এবং অডিও রেকর্ডকৃত হয়েছে এবং এটি সংসদের Point of Reference হিসেবে স্বীকৃত হবে । এতে করে আমরা বিশ্বাস করি অস্ট্রেলিয়ায় বসবাসরত যুদ্ধাপরাধীদের সমর্থকদের (জামাত/বিএনপি/যুদ্ধাপরাধী দরদী) অস্ট্রেলিয়ান সাংসদের সাথে তদবীর করে যুদ্ধাপরাধীদের পক্ষে জনমত গড়ে তোলা কঠিন হবে।

নিবেদক,

টিটো সোহেল
সচিব, IFTWCB
২৩ এপ্রিল ২০১৩